# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্’র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

গুনাহ্গার ব্যক্তি আল্লাহ্ তা‘আলার দৃষ্টিতে একেবারেই গুরুত্বহীন

১৪. গুনাহ্গার ব্যক্তি আল্লাহ্ তা‘আলার দৃষ্টিতে একেবারেই গুরুত্বহীন। হাসান বসরী (রাহিমাহুল্লাহ্) বলেন: তারা (গুনাহ্গাররা) আল্লাহ্ তা‘আলার নিকট গুরুত্বহীন বলেই তো তাঁর অবাধ্য হতে পারলো। আল্লাহ্ তা‘আলা যদি তাদেরকে গুরুত্বই দিতেন তাহলে তাদেরকে গুনাহ্ থেকে অবশ্যই রক্ষা করতেন।

আল্লাহ্ তা‘আলার নিকট কারোর সম্মান না থাকলে মানুষের নিকটও তার কোন সম্মান থাকে না। যদিও তারা বাহ্যিকভাবে তাকে কোন প্রয়োজনে বা তার অনিষ্ট থেকে বাঁচার জন্য সম্মান করে থাকে।

আল্লাহ্ তা‘আলা বলেন:

وَمَنْ يُّهِنِ اللهُ فَمَا لَهُ مِنْ مُّكْرِمٍ.

“আল্লাহ্ তা‘আলা যাকে অসম্মান করেন তাকে সম্মান দেয়ার আর কেউ নেই”। (হাজ্জ : ১৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6587

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন